ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৭৩৬

আগরতলা,৪ সেপ্টেম্বর,২০২৫

**প্রগতি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে দন্ত চিকিৎসা শিবির ও সচেতনতামূলক সভা**







আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আই.জি.এম হাসপাতালের পাবলিক হেলথ ডেন্টিস্ট্রি ডিপার্টমেন্ট এবং আগরতলা পুরনিগম আরবান আয়ুষ্মান আরোগ্য মন্দিরের যৌথ উদ্যেগে পশ্চিম জেলার অধীন প্রগতি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে ৩ সেপ্টেম্বর এক দন্ত চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আই.জি.এম হাসপাতালের অর্থোডন্টিক্স ডিপার্টমেন্টের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর দন্ত চিকিৎসক ডাঃ প্রবীণ কলই, পাবলিক হেলথ ডেন্টিস্ট্রি ডিপার্টমেন্টের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর দন্ত চিকিৎসক ডাঃ প্রশান্ত মজুমদার এবং ডেন্টাল মেডিক্যাল অফিসার ডাঃ দেবস্মিতা বৈদ্য উপস্থিত ছিলেন। উক্ত শিবিরে বিশেষজ্ঞ চিকিৎসকগণ বিদ্যালয়ের মোট ১০০ জন ছাত্র-ছাত্রীর দাঁতের স্ক্রিনিং করেন। পাশাপাশি ছাত্র-ছাত্রীদের মধ্যে দাঁতের যত্ন নেওয়া, সঠিকভাবে ব্রাশ করার পদ্ধতি, দাঁতের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ এবং সঠিকভাবে দাঁতের স্বাস্থ্য রক্ষার পদ্ধতিগুলি নিয়ে সচেতনতামূলক আলোচনা করেন।এই শিবিরে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের “সুস্থ দাঁত, উজ্জ্বল হাসি, আত্মবিশ্বাসের চাবিকাঠি” শীর্ষক সচেতনতামূলক বার্তাটি ছড়িয়ে দেওয়া হয়। উক্ত শিবিরে নার্সিং অফিসার কৃষ্ণ দাস ও কমিউনিটি হেলথ অফিসার সুস্মিতা ব্যানার্জি উপস্থিত ছিলেন। শিবিরের শেষে উপস্থিত সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে টুথপেস্ট ও টুথব্রাশ প্রদান করা হয়।

*****